মুজিব বর্ষের আহবান''
দক্ষ হয়ে বিদেশ যান''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড**
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.২০-৪২৩ তারিখ: ৯০ নভেম্বর ২০২০ খ্রিঃ

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের **"সেপ্টেম্বর ২০২০"** মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : প্রবাসী কল্যাণ ভবন, বিজয় ৭১ মিলনায়তন (২য় তলা), ইস্কাটন, ঢাকা।।

তারিখ ও সময় : ১৯ অক্টোবর ২০২০, সকাল- ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জনাব মুশাররাত জেবীন বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক আয়োজিত মতবিনিময় সভাটি সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন। | বিগত ১৩ অক্টোবর ২০২০ তারিখে প্রবাসী কল্যাণ ভবনের বিজয় ৭১ মিলনায়তনে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের উপস্থিতিতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক আয়োজিত মতবিনিময় সভাটি সুষ্ঠু ও সুচারুরূপে সম্পন্ন হওয়ায় মহাপরিচালক সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন ।<br>প্রবাসী বাংলাদেশী ও তাঁদের পরিবারের কল্যাণে গৃহীত বিভিন্ন কার্যক্রম সম্পর্কিত তথ্যসমৃদ্ধ মতবিনিময় অনুষ্ঠানটি উপস্থিত সকলকে সমৃদ্ধ করেছে। সুষ্ঠু, সুন্দর ও মনোরম পরিবেশে সভা অনুষ্ঠানের স্বীকৃতিস্বরূপ মাননীয় মন্ত্রী মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বরাবর একটি শুভেচ্ছা পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) মহাপরিচালকের পক্ষে উক্ত শুভেচ্ছা পত্র পাঠ করে শুনান। শুভেচ্ছা পত্রে মাননীয় মন্ত্রী উল্লেখ করেন যে, বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর সংক্রমণে আক্রান্ত হওয়ার পাশাপাশি চাকুরি ক্ষেত্রে অনিশ্চয়তা, অসহায় অবস্থায় দেশে ফেরত আসা ইত্যাদির প্রভাবে প্রবাসী বাংলাদেশিরা পরিবারের সদস্যদের নিয়ে চরম দূর্ভোগের মধ্যে পড়েছে। এসকল অসহায় প্রবাসী কর্মীদের রিহ্যাবিলিটেশন, রি-ইন্টিগ্রেশন, রি-ট্রেনিংসহ সবধরনের করণীয় নিশ্চিত করতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত আর্থিক সহযোগিতা এ সংকটময় মূহুর্তে অনেক বড় ভুমিকা রাখছে মর্মে শুভেচ্ছা পত্রে অভিমত প্রকাশ করেন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃক আয়োজিত মতবিনিময় সভা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয় এবং এ ধরনের অনুষ্ঠানে সকলের অংশগ্রহণের মাধ্যমে ভবিষ্যতে কল্যাণ বোর্ডের কার্যক্রম সম্পর্কে দেশে-বিদেশে প্রচার ও প্রসারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক<br>**(সকল)** |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ২.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এর উপর আলোচনা। | প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ উল্লিখিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর কারণে প্রবাসী কর্মীদের দেশে বিদেশে মৃত্যুর সংখ্যা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। তথাপি কর্মকর্তা/কর্মচারীদের নিরলস পরিশ্রমের ফলে নথি নিষ্পত্তির হারও বৃদ্ধি পেয়েছে। অস্বাভাবিক হারে মৃত্যুর পরিমান বৃদ্ধি পাওয়ায় নথি নিষ্পত্তির ক্ষেত্রে উদ্ভূত বিভিন্ন সমস্যা বিবেচনাপূর্বক একটি গ্রহণযোগ্য সমাধানের বিষয়ে উপস্থিত সকলেই অংশ গ্রহন করেন এবং প্রস্তাব দেন। | প্রতিটি সমন্বয় সভার পূর্বে সংশ্লিষ্ট পরিচালকগণ তাঁদের নিয়ন্ত্রনাধীন কর্মকর্তা/ কর্মচারীদের নিকট অনিষ্পন্ন নথিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে নথিসমূহ যাচাই-বাছাইপূর্বক একটি সারসংক্ষেপ তৈরী করে সভায় উপস্থাপন করবেন। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি) |
| ৩.০ | প্রস্তাবিত মোবাইল অ্যাপস তৈরীকরণ। | মোবাইল অ্যাপস এর মাধ্যমে প্রবাসী কর্মীর পরিবার যেন দ্রুততম সময়ে সেবাসমূহ পেতে পারেন সে লক্ষ্যে প্রস্তাবিত মোবাইল অ্যাপসটি তৈরী করতে কত টাকা ও কত দিন সময় প্রয়োজন হবে এ বিষয়ে সংশ্লিষ্ট কোম্পানীগুলোর সাথে আলোচনা করে দ্রুত বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরিচালকগণকে নির্দেশনা প্রদান করেন । | প্রস্তাবিত মোবাইল অ্যাপসটি তৈরীর কাজটি দ্রুততম সময়ে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৪.০ | ডিইএমও'র এর সাথে কল্যাণ বোর্ডের মতবিনিময় সভা আয়োজন । | বিদেশে মৃত প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ দ্রুততম সময়ে প্রদানের নিমিত্ত সকল জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) এর সহকারী পরিচালক / ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং কল্যাণ বোর্ডের সমন্বয়ে একটি মতবিনিময় সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এ ক্ষেত্রে প্রবাসী কর্মী অধ্যুষিত জেলাসমূহকে অগ্রাধিকার দেয়া হবে এবং ২ থেকে ৩টি পর্যায়ে সভা অথবা সম্ভব হলে এক সঙ্গে অনুষ্ঠানের আয়োজন করার বিষয়ে মহাপরিচালক অভিমত প্রকাশ করেন। বিএমইটি'র মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনাক্রমে সভা অনুষ্ঠানের আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড বিএমইটি'র ডিজি মহোদয়ের সাথে আলোচনা করে নির্ধারিত তারিখ ও সময় জানাবেন। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তির অর্থ দ্রুততম সময়ে প্রদান। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রদত্ত সেবাসমূহ সম্পর্কে প্রবাসী কর্মী ও তাঁদের পরিবারের মাঝে ব্যাপকভাবে প্রচার-প্রচারনার লক্ষ্যে জেলা প্রশাসক, জাতীয় প্রিন্ট মিডিয়া ও ইলেকট্রনিক মিডিয়ার সদস্যদের উপস্থিতিতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তির চেক প্রদানসহ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সার্বিক কার্যক্রম সম্পর্কে সর্বসাধারণকে অবহিত করার বিষয়ে মহাপরিচালক অভিমত ব্যক্ত করেন। | প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তির চেক দ্রুততম সময়ে বিতরণসহ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সার্বিক কার্যক্রম সম্পর্কে সর্বসাধারণকে অবহিত করার জন্য জেলা প্রশাসক, জাতীয় প্রিন্ট মিডিয়া ও ইলেকট্রনিক মিডিয়ার সদস্যদের মাধ্যমে প্রচার-প্রচারণার কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (আইআরপি) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৬.০ | বিমানবন্দরে ব্যবহৃত গাড়ীতে এসি সংযোজন। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ব্যবহৃত পুরাতন গাড়ীটিরি এসি সংযোজনের বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে গাড়ীর কারিগরি ত্রুটির কারণে এসিটি মেরামতের অযোগ্য হওয়ায় এসি সংযোজন করা সম্ভব নয়। ফলে বাস্তবতার নিরিখে বিমানবন্দরে নতুন গাড়ী ক্রয় করা প্রয়োজন। বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর কারণে নতুন গাড়ী ক্রয় না করার বিষয়ে সরকারি নির্দেশনা থাকায় আপাততঃ বন্ধ আছে। পরবর্তীতে আদেশ প্রত্যাহার হলে পুরাতন গাড়ীসমূহ নিলামে বিক্রয় করে নতুন গাড়ী ক্রয় করার বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করেন। | (ক) সরকারি নির্দেশনা থাকায় আপাততঃ নতুন গাড়ী কেনা সম্ভব নয়;<br>(খ) পুরাতন গাড়ীগুলো কনডেমড ঘোষনা করে নিলামের ব্যবস্থা করতে হবে। | পরিচালক **(প্রশাসন ও উন্নয়ন)** |
| ৭.০ | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সাপ্তাহিক একদিন ছুটির বিপরীতে একজন গাড়ী চালক প্রদান। | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবস্থিত প্রবাসী কল্যাণ ডেস্কের ভারপ্রাপ্ত কমকর্তা, সহকারী পরিচালক জনাব মোঃ ফখরুল আলম, বিমানবন্দরে ব্যবহৃত গাড়ীর বিষয়ে সিদ্ধান্ত নেয়ায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তিনি আরো উল্লেখ করেন যে, বর্তমানে ব্যবহৃত গাড়ীর চালককে সপ্তাহে একদিন ছুটি দেয়া হয়। যেহেতু বিমানবন্দরে সপ্তাহের প্রতিদিন তথা সাতদিনই দাপ্তরিক কার্যক্রম পরিচালিত হয়। সেহেতু ছুটির দিন তথা শুক্রবার কল্যাণ বোর্ড হতে যে কোন একজন গাড়ী চালক প্রদান করা হলে কর্মকর্তা/ কর্মচারীগণ গাড়ীতে আসা-যাওয়ার সুযোগ পাবে। এমতাবস্থায়, বিমানবন্দরে ব্যবহৃত গাড়ীর জন্য শুধুমাত্র ছুটির দিন একজন গাড়ী চালক প্রদানের অনুরোধ করেন। | বিমানবন্দরে গাড়ী চালক এর ছুটিকালীন সময়ে কল্যাণ বোর্ড হতে রোস্টার ভিত্তিতে একজন বিকল্প গাড়ী চালক প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৮.০ | ইআরপি সফটওয়ারটি যথোপযুক্ত ব্যবহার উপযোগী করা। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ব্যবহৃত ইআরপি সফটওয়ারটি বোর্ডের সার্বিক কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে আংশিক পরিবর্তন ও পরিমার্জন করে যথাযথভাবে ব্যবহার উপযোগী করার জন্য সভায় আলোচনা হয়। | বোর্ডের সার্বিক কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে ইআরপি সফটওয়ারটি আংশিক পরিবর্তন ও পরিমার্জন করে যথাযথভাবে ব্যবহার উপযোগী করতে হবে। | পরিচালক (সকল) |
| ৯.০ | আর্থিক অনুদান, মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন প্রদানসহ বিভিন্ন শাখার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অফিস আদেশ জারী। | বৈশ্বিক মহামারি কোভিড-১৯ এর কারণে প্রবাসী কর্মীদের দেশে-বিদেশে মৃত্যুর সংখ্যা বহুলাংশে বৃদ্ধি পাওয়ায় কাজের পরিধিও অস্বাভাবিক হারে বৃদ্ধি পেয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের কাজের পুনঃবন্টন প্রয়োজন। সে মোতাবেক পরিচালকগণ তাদের অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে কাজের সমতা আনয়নপূর্বক একটি অফিস আদেশ জারী করার বিষয়ে মহাপরিচালক অভিমত প্রকাশ করেন। | কর্মকর্তা/ কর্মচারীদের মাঝে কাজের সুষ্ঠু বন্টনের লক্ষ্যে একটি অফিস আদেশ জারী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ১০.০ | ইনোভেশন কার্যক্রম। | প্রত্যেক সমন্বয় সভার কার্যপত্রে ইনোভেশন সংক্রান্ত আলোচ্যসূচী থাকলেও বাস্তবিক ক্ষেত্রে কোনো ইনোভেশন কার্যক্রম উপস্থাপন করা হয় না মর্মে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) অভিমত প্রকাশ করেন। তিনি আরো বলেন, কল্যাণ বোর্ডের বহু ইনোভেশন কার্যক্রম করার সুযোগ রয়েছে। কল্যাণ বোর্ডের সেবামূলক কার্যক্রম আরও প্রবৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন আইডিয়া উপস্থাপন এবং বাস্তবায়নযোগ্য উদ্ভাবনী কার্যক্রম গ্রহণের উৎসহ প্রদানের আহবান জানান। | কল্যাণ বোর্ডের সেবামূলক কার্যক্রম আরো প্রবৃদ্ধির লক্ষ্যে নতুন নতুন ইনোভেশন কার্যক্রমের প্রস্তাব সভায় উপস্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১১.০ | গুলশান, ভাটারায় ক্রয়কৃত সম্পত্তি ডিজি বিইএমইটি 'র পরিবর্তে ডিজি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড নামে মালিকানা পরিবর্তন। | ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে গুলশান, ভাটারায় ক্রয়কৃত সম্পত্তি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন-২০১৮ অনুযায়ী ডিজি, বিইএমইটি 'র পরিবর্তে ডিজি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড নামে মালিকানা পরিবর্তন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ বিষয়ে মালিকানা সংক্রান্ত কাগজপত্র, দলিলাদিসহ প্রয়োজনীয় যোগাযোগের কাজটি সম্পন্ন করা বিশেষ দরকার বলে সভায় উপস্থিত পরিচালকগণ মত প্রকাশ করেন। | কল্যাণ বোর্ডের অর্থায়নে গুলশান, ভাটারায় ক্রয়কৃত সম্পত্তি ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড আইন-২০১৮ অনুযায়ী ডিজি, বিইএমইটি'র পরিবর্তে ডিজি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড নামে মালিকানা পরিবর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ হামিদুর রহমান)**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), ------------------
৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১৩। মাষ্টার নথি/২০২০।